যুগান্তর

তারিখ ... 11 AUG 2015 ..
পৃষ্ঠা ... ২৭ ... কলাম ... ৬ ......

# ঢাবিতে এশিয়ার বৃহত্তম ই-লাইব্রেরি চালু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে চালু হল এশিয়ার বৃহত্তম ই-লাইব্রেরি। বিশ্বের ৩৫টি খ্যাতিমান লাইব্রেরি এবং প্রকাশনা সংস্থার সঙ্গে এই অত্যাধুনিক ই-লাইব্রেরি সংযুক্ত করা হয়েছে। এটি ব্যবহারের মাধ্যমে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকরা ঢাকা বিশ্ববিদ্যালয়, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়, ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়সহ বিশ্বের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়গুলোর লাইব্রেরির বই, জার্নাল, গবেষণাপত্র ও প্রবন্ধ পড়তে পারবেন।

সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদে লাইব্রেরিটি উদ্বোধন করেন ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রমুখ।